কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
(সবজি বীজ বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২৮১.৩৭.০৪৬.২৪. ৭৬৯ তারিখঃ২৮এপ্রিল ২০২৫।

বিষয়: ২০২৪-২৫ উৎপাদন বর্ষে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ সংগ্রহ কর্মসূচি।

সবজি বীজ বিভাগের মাধ্যমে ২০২৪-২৫ উৎপাদন বর্ষে ২৩.৫০ একর জমিতে ১০.১২৫ মে.টন মানঘোষিত শ্রেণির পেঁয়াজ বীজ এবং ২০.০০ একর জমিতে ১০০.০০ মে.টন পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনের কর্মসূচি জারি করা হয়। মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন ও সারাদেশে পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজের চাহিদা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০২৪-২৫ উৎপাদন বর্ষে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হলো।

**পেঁয়াজ বীজ:**

| ক্র:নং | ক:গ্রো: জোনের নাম | বীজের নাম | জাত | বীজের শ্রেণি | বীজের পরিমাণ (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ফরিদপুর ক:গ্রো: জোন | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | মানঘোষিত | ৪.৭০০ | |
| | | | বারি পেঁয়াজ-৪ | | ৩.৩৭৫ | |
| | | | বারি পেঁয়াজ-৫ | | ০.৮০০ | |
| | | | বারি পেঁয়াজ-৬ | | ০.৯০০ | |
| ২ | পাবনা ক: গ্রো: জোন | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | | ০.৯০০ | |
| | | | বারি পেঁয়াজ-৪ | | ০.২০০ | |
| ৩ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, বিএডিসি, রাজশাহী | পেঁয়াজ বীজ | তাহেরপুরী | | ০.১২৫ | |
| **মোট পেঁয়াজ বীজ** | | | | | **১১.০০০** | |

**পেঁয়াজ বাল্ব বীজ:**

| ক্র:নং | ক:গ্রো: জোনের নাম | বীজের নাম | জাত | বীজের শ্রেণি | বীজের পরিমাণ (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ফরিদপুর ক:গ্রো: জোন | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-১ | মানঘোষিত | ৩৫.৮০০ | |
| | | | বারি পেঁয়াজ-৪ | | ১০.০০০ | |
| | | | বারি পেঁয়াজ-৬ | | ৪.২০০ | |
| ২ | পাবনা ক: গ্রো: জোন | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-১ | | ৩০.০০০ | |
| | | | বারি পেঁয়াজ-৪ | | ১০.০০০ | |
| **মোট পেঁয়াজ বাল্ব বীজ** | | | | | **৯০.০০০** | |
| **সর্বমোট (পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ)** | | | | | **১০১.০০০** | |

২। পেঁয়াজ বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ:
- ক) বিভিন্ন জাতের পেঁয়াজ বীজের সম্ভাব্য প্রাপ্তির পরিমাণ।
- খ) মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন।
- গ) সংশ্লিষ্ট পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ ক:গ্রো: জোন কর্তৃক ঘোষণাকৃত বীজ প্লট।

৩। বীজ সংগ্রহকালে বীজের নিম্নবর্ণিত গুণাবলি নিশ্চিত করে বীজ সংগ্রহ করতে হবে:
- ক) বীজের বিশুদ্ধতা, আর্দ্রতা, অংকুরোদগম ক্ষমতা গ্রহণযোগ্য মানের না হলে ঐ বীজ সংগ্রহ করা যাবে না।
- খ) বীজের রং স্বাভাবিক প্রকৃতির অর্থাৎ উজ্জ্বল হতে হবে।
- গ) বীজের আকার Uniform হতে হবে।
- ঘ) অন্য জাতের মিশ্রণযুক্ত বীজ সংগ্রহ করা যাবে না।

অপৃঃদ্র:

৪। সদর দপ্তরের উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে পরিদর্শন কমিটি কর্তৃক গৃহীত ফসলের মাঠ ব্যতীত অন্য কোন উৎস হতে প্রাপ্ত বীজ, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে গ্রহণের জন্য বিবেচিত হবে না। বীজ প্রেরণের সময় প্রেরণকারী দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক চালানে স্বাক্ষর ও প্রতিস্বাক্ষর থাকতে হবে।

৫। বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে প্রেরিত বীজ নির্ধারিত সংগ্রহমান অনুযায়ী বিভিন্ন গুণাবলি যেমন বীজের বিশুদ্ধতা, বর্ণ, আকার ইত্যাদি গ্রহণযোগ্য না হলে অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা ব্যতিরেকে সংগে সংগেই তা সংশ্লিষ্ট প্রেরকের নিকট ফেরত পাঠাতে হবে। চালানের অপর পৃষ্ঠায় ফেরতের সুস্পষ্ট ও সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে।

৬। প্রাথমিকভাবে গৃহীত পেঁয়াজ বীজের অংকুরোদগমক্ষমতা নির্ধারিত সংগ্রহমানের না হলে প্রাপ্ত ফলাফল উল্লেখপূর্বক সর্বাধিক ২০ (বিশ) দিনের মধ্যে সরবরাহকারীর নিকট বীজ ফেরত পাঠাতে হবে। এই সময় সীমার মধ্যে বীজ ফেরত পাঠাতে ব্যর্থ হলে বা ফলাফল জানানো না হলে উক্ত বীজ চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

৭। সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, মিরপুর, ঢাকা এর দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তা বীজ সংগ্রহের পর বীজের গুণগতমান বজায় রাখার জন্য দায়ী থাকবেন।

৮। ফরিদপুর ক:গ্রো: জোনে উৎপাদিত পেঁয়াজ বাল্ব বীজ, পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, ফরিদপুরে এবং পাবনা ক:গ্রো: জোনে উৎপাদিত পেঁয়াজ বাল্ব বীজও, পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, ফরিদপুরে প্রেরণ করতে হবে।

৯। ক:গ্রো: জোনের চাষিগণ ৪০ কেজির বস্তায় পেঁয়াজ বাল্ব বীজ সংশ্লিষ্ট হিমাগারে সরবরাহ করবেন এবং পেঁয়াজ বাল্ব বাছাই করে চূড়ান্তভাবে গৃহীত হওয়া এবং হিমাগারে বাল্ব রাখা পর্যন্ত উপস্থিত থাকতে পারেন। উক্ত সময়ে চাষিগণ উপস্থিত না থাকলে পেঁয়াজ বাল্ব সংক্রান্ত কোন ধরনের অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১০। হিমাগারের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট উপপরিচালকগণ পেঁয়াজ বাল্ব গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ নিশ্চিত করবেন।

| ক্র.নং | জাত | প্রতিটি বাল্বের ওজন (গ্রাম) | প্রতি কেজিতে বাল্বের সংখ্যা (টি) |
|---|---|---|---|
| ১ | বারি পেঁয়াজ-১ | ২০-৩০ | ৩৫-৫০ |
| ২ | বারি পেঁয়াজ-৪ ও ৬ | ৩০-৪০ | ২৫-৩৫ |

সংগৃহীত বাল্ব যথাযথভাবে কিউরিং করে বাল্বের নেক (neck) এর উপরে ২.৫০ সে. মি. পর্যন্ত রেখে পাতা কাটতে হবে।
অত:পর প্রয়োজনীয় প্রক্রিয়াজাতকরণ সম্পন্ন করে পেঁয়াজ বাল্ব বীজ যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা নিবেন।

১১। পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ সংগ্রহের কাজ আগামি ১৫/০৫/২০২৫ ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সকল কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে উদ্যোগ নিবেন এবং বীজ সংগ্রহের কাজ নিয়মিত মনিটরিং করবেন। বীজ সংগ্রহ ও সংরক্ষণকালীন বীজের মান অক্ষুণ্ণ রাখার জন্য প্রতিটি প্রযুক্তিগত ধাপ যেন সতর্কতার সাথে প্রতিপালিত হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।

১২। ফরিদপুর ক: গ্রো: ও পাবনা ক: গ্রো: জোন লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজ উত্তোলন ও সংরক্ষণ অগ্রগতি যুগ্মপরিচালক (সবজি বীজ) মনিটর করবেন। বীজ সংগ্রহ শেষে সংশ্লিষ্ট উপপরিচালকগণ ২৫/০৫/২০২৫ ইং তারিখের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন।

১৩। লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজের গুনগত মান বজায় রেখে বীজ সংগ্রহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

২৮/৪/২৫

( মো. আবীর হোসেন )
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে):

১. উপপরিচালক (ক:গ্রো:), বিএডিসি, ফরিদপুর।
২. উপপরিচালক (ক:গ্রো:), বিএডিসি, পাবনা।
৩. উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, গাবতলী, মিরপুর, ঢাকা।
৪. উপপরিচালক (ডাল ও তৈল বীজ), ডাল ও তৈলবীজ খামার, বিএডিসি, ফরিদপুর।
৫. উপপরিচালক (খামার), টেবুনিয়া বীজ উৎপাদন খামার, বিএডিসি, পাবনা।
৬. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৭. জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি. ঢাকা।

28.04.25

(মেছবাহউদ্দিন আহমেদ)
যুগ্ম পরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি,ঢাকা।
ফোন: ২২২৩৩৮৫১০৯
ই-মেইল : jdvegbadc@gmail.com